

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৩১৮

১১/ জানাযা

পরিচ্ছেদঃ কার জানাযা পড়া হবে

#### আরবী

وَعَنْ عِمْرَانَ بِنِ الحُصَيْنِ الخُزَاعِيِّ رَضِيَ اللهُ عَنْهُما : أَنَّ امْرَأَةً مِنْ جُهَيْنَةَ أَتَتْ رسولَ الله عَلَيُّ وَهِيَ حُبْلَى مِنَ الزِّنِى فقالَتْ : يَا رَسُولَ اللهِ، أَصَبْتُ حَدَّاً فَأَقِمْهُ عَلَيَّ فَدَعَا نَبِيُّ الله عَلَيُّ وَلِيَّها فقالاً حُسِنْ إِلَيْهَا فإذا وَضَعَتْ فَأْتِنِي فَفَعَلَ فَأَمَرَ بِهَا نبِيُّ الله عَلَيْها فإذا وَضَعَتْ فَأْتِنِي فَفَعَلَ فَأَمَرَ بِهَا نبِيُّ الله عَلَيْها فإذا وَضَعَتْ فَأْتِنِي فَفَعَلَ فَأَمَرَ بها نبيُّ الله عَلَيْها يَا رَسُولَ عَلَيْها ثِيَابُهَا، ثُمَّ أَمَرَ بِهَا فَرُجِمَتْ، ثُمَّ صَلَّى عَلَيْها فقالَ لَهُ عُمَرُ: تُصلِّي عَلَيْها يَا رَسُولَ عَلَيْها وَقَدْ زَنَتْ ؟ قَالَ لَقَدْ تَابَتْ تَوْبَةً لَوْ قُسِمَتْ بَيْنَ سَبْعِينَ مِنْ أَهْلِ المَدِينَةِ لَوَسِعَتْهُمْ، وَهَلْ وَجَدْتَ أَفْضَلَ مِنْ أَنْ جَادَتْ بِنَفْسِها لله عز وجل رواه مسلم

#### বাংলা

(১৩১৮) ইমরান ইবনে হুস্বাইন খুযায়ী (রাঃ) হতে বর্ণিত যে, জুহাইনা গোত্রের একটি মহিলা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে হাজির হল। সে অবৈধ মিলনে গর্ভবর্তী ছিল। সে বলল, হে আল্লাহর রসূল! আমি দণ্ডনীয় অপরাধ করে ফেলেছি তাই আপনি আমাকে শাস্তি দিন! সুতরাং আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার আত্মীয়কে ডেকে বললেন, তুমি একে নিজের কাছে যত্ন সহকারে রাখ এবং সন্তান প্রসবের পর একে আমার নিকট নিয়ে এসো। সুতরাং সে তাই করল (অর্থাৎ, প্রসবের পর তাকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে নিয়ে এল)। আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কাপড় তার (শরীরের) উপর মজবুত ক'রে বেঁধে দেওয়ার আদেশ দিলেন।

অতঃপর তাকে পাথর ছুঁড়ে মেরে ফেলার আদেশ দিলেন। অতঃপর তিনি তার জানাযার নামায পড়লেন। উমার (রাঃ) তাঁকে বললেন, হে আল্লাহর রসূল! আপনি এই মেয়ের জানাযার নামায পড়লেন, অথচ সে ব্যভিচার করেছিল? তিনি বললেন, (উমার! তুমি জান না যে,) এই স্ত্রী লোকটি এমন বিশুদ্ধ তওবা করেছে, যদি তা মদীনার ৭০টি লোকের মধ্যে বন্টন করা হত তা তাদের জন্য যথেষ্ট হত। এর চেয়ে কি তুমি কোন উত্তম কাজ পেয়েছ যে, সে আল্লাহর জন্য নিজের প্রাণকে কুরবান করে দিল?

### ফুটনোট



## (মুসলিম ৪৫২৮-৪৫২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন